**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:06-05–2024**
**Time: 07.35–07 .40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Petrol Diesels crisys:**

চলতি সপ্তাহের মধ্যে মালবাহী ট্রেন চলাচল চালু করা যাবে বলে, এন এফ রেলওয়ে জানিয়েছে। রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক জানিয়েছেন, এই পথে পন্যবাহী ট্রেন চলাচলের জন্য সব রকম প্রয়াস চালানো হচ্ছে।

অন্যদিকে, রাজ্যে জ্বালানী তেলের জন্য, পেট্রোল পাম্পগুলোতে লম্বা লাইন অব্যাহত রয়েছে। গতকাল–ও আগরতলার বিভিন্ন পাম্পে, পেট্রোল ডিজেলের জন্য বাইক স্কুটি, অটো রিক্সা, ছোট গাড়ি, ট্রাক, বাস প্রভৃতি গাড়ির লাইন ছিল। এদিকে ত্রিপুরা পেট্রোলিয়াম ডিলারস অ্যাসোসিয়েশনের সভাপতি দেবাশিস মজুমদার জানিয়েছেন, গতকাল–ও গুয়াহাটি থেকে সড়ক পথে ট্যাংকারে করে রাজ্যে পেট্রল ডিজেল এসেছে ।

**************

**Lok Sabha-3rd Phase:**

লোকসভা নির্বাচনের তৃতীয় দফার সরব প্রচার আজ বিকেলে শেষ হয়েছে। এই পর্বে আগামীকাল ভোট গ্রহণ করা হবে। ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৩টি আসনে ঐদিন ভোট নেওয়া হবে। এরমধ্যে রয়েছে আসামের ৪টি আসন, বিহারে ৫টি, ছত্তিশগড়ে ৭টি, গোয়ায় ২টি, গুজরাটে ২৬তি, কর্নাটকে ১৪টি,

মধ্যপ্রদেশে ৮টি, মহারাষ্ট্রের ১১টি, উত্তরপ্রদেশে ১০টি, পশ্চিমবঙ্গের ৪টি, দাদরা ও নগর হাবেলি এবং দমন ও দিউতে ১টি করে আসন।

*************

**CEC:**

দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের নির্বাচনী প্রক্রিয়ার বিভিন্ন দিক সম্পর্কে আন্তর্জাতিক প্রতিনিধিদের অবগত করেন। শ্রীকুমার আজ নয়াদিল্লিতে International Election visitors program এ ২৩ টি দেশের নির্বাচন পরিচালন সংস্থার প্রতিনিধিদের উদ্দেশ্যে ভাষণ দিচ্ছিলেন। উল্লেখ্য, ভারতের লোকসভা নির্বাচন প্রত্যক্ষ করতে এই প্রতিনিধিরা ভারতে এসেছেন।

***********

AGT.CLUB FORUM:

আগরতলা প্রেস ক্লাবে গতকাল আগরতলা ক্লাব ফোরামের এক সভা অনুষ্ঠিত হয়। ক্লাব ফোরামের চেয়ারম্যান সঞ্জয় পালের পৌরহিত্যে এই সভায়, ফোরামের ৬১ জন সদস্য উপস্থিত ছিলেন। নির্বাচনের ফলাফল প্রকাশের সময় আগরতলা-সহ সমগ্র রাজ্যে শান্তি শৃঙ্খলা বজায় রাখার জন্য সকল রাজনৈতিক দল ও সাধারণ মানুষের প্রতি আহবান জানানো হয় ।পাশাপাশি, নির্বাচন-উত্তর স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখার উদ্দেশ্যে শহরের

প্রতিটি ক্লাবকে নিয়ে আগামী ২রা জুন বৃহত্তর আরও একটি সভার আয়োজন  করা হবে ।

এদিকে, নেশার আসক্তি থেকে যুব সমাজকে রক্ষা করতে, খেলাধুলার পাশাপাশি সংস্কৃতি চর্চায় ক্লাবগুলোর কার্যকরী ভূমিকা গ্রহণ এবং ডি-জে সংস্কৃতির বিকল্প হিসেবে সৃজনশীল সংস্কৃতির চর্চার জন্য-ও  ক্লাবগুলোর প্রতি আহ্বান জানানো হয়েছে।

***********

**Anti Ragging Committee:**

শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে রেগিং(Ragging) প্রতিরোধ  করতে, ঊনকোটি জেলাতে "এন্টি রেগিং কমিটি" গঠন করা হয়েছে। এই কমিটির চেয়ারম্যান হয়েছেন, ঊনকোটি জেলার জেলা শাসক। সদস্য-সচিব হয়েছেন, জেলার অতিরিক্ত জেলা শাসক। বারো সদস্যক এই কমিটিতে জেলার দু'টি মহাবিদ্যালয়ের অধ্যক্ষদ্বয়, ছাত্র সংগঠনগুলোর প্রতিনিধি ও সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা রয়েছেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বা U.G.C'র  চিঠির প্রেক্ষিতে ও মহামান্য সুপ্রিম কোর্টের রায়কে মান্যতা দিয়ে, এই কমিটি গঠন করা হয়েছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে।

************

**Bijhu Rong Dhang Fest:**

চাকমা জনজাতি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বিজু উৎসবের অংশ হিসেবে, গতকাল বিকেলে আগরতলা টাউন হলে অনুষ্ঠিত হয় 'বিজু রং ধং' উৎসব । চাকমা ইয়ুথ কালচারাল ফোরামের

উদ্যোগে এই ঐতিহ্যবাহী অনুষ্ঠানের উদ্বোধন করেন, রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত ও পদ্মশ্রী সম্মানে ভূষিত স্মৃতিরেখা চাকমা। অনুষ্ঠানে, বিশিষ্ট অতিথিগণ, বিজু রং ধং উদযাপনের প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন ।

************

**Animesh Debbarma:**

খোয়াই এর প্রয়াত সাংবাদিক মানস ভট্টাচার্যের বাড়িতে গেলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। গতকাল তিনি প্রয়াতের পরিবারের সাথে কথা বলেন এবং সমবেদনা জানান। শ্রী দেববর্মা প্রয়াতের পরিবারকে সর্বতোভাবে সাহায্য এবং সহযোগিতা করার আশ্বাস দেন।

************

**Satosh Cricket:**

টিসিএ পরিচালিত সন্তোষ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা গতকাল  থেকে শুরু হয়েছে। আসরের প্রথম দিনে অনুষ্ঠিত তিনটি খেলায় কসমোপলিটান ক্লাব, হার্ভে ক্লাব ও পোলস্টার ক্লাব জয়লাভ করেছে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় কসমোপলিটান ক্লাব ৫ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে, নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় পোলস্টার ক্লাব ৩ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের টিআইটি মাঠে অনুষ্ঠিত খেলায় হার্ভে ক্লাব ১৬২ রানে মৌচাক ক্লাবকে পরাজিত করে।

*************

**Weather-State:**

আগরতলা ও পার্শ্ববর্তী অঞ্চলের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণতঃ মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হতে পারে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি । আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.৭ ডিগ্রী সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৬.৬ মিলিমিটার ।

এদিকে, উত্তর জেলা, ঊনকোটি, ধলাই, খোয়াই ও পশ্চিম জেলায় বজ্র বিদ্যুৎ সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া এবং সেই সঙ্গে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের বাকি জেলাগুলিতেও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারী করেছে আবহাওয়া দপ্তর।

*************

************